গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী
(রাজস্ব শাখা)
www.rajbari.gov.bd

স্মারক নম্বর : ০৫.৩০.৮২০০.০২০.৩৮.০০১.২৪.৫২৬

তারিখ : ০৮ জ্যৈষ্ঠ ১৪৩২
২২ মে ২০২৫

## জলমহাল পুনঃইজারা বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখার ২৭/০২/২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০৩.২৫.১৩২ নং স্মারক এবং সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে এ কার্যালয়ের নিয়ন্ত্রণাধীন ২০ একরের উর্ধ্বের নিম্নবর্ণিত বদ্ধ জলমহালসমূহ ১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বৎসর মেয়াদে ইজারার নিমিত্ত আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতির নিকট থেকে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আবেদনপত্রসমূহ নিম্নবর্ণিত তারিখ ও সময়ে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজবাড়ী এর অফিস কক্ষে রক্ষিত বাক্সে দাখিল করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদন গ্রহণ করা হবে না। জেলা প্রশাসক, রাজবাড়ীর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিয়ে এ কার্যালয়ের রাজস্ব শাখা/সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় থেকে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আবেদনপত্র ক্রয় করা যাবে। আবেদনপত্রসমূহ আবেদনদাতার সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকে) খোলা হবে। কোন জলমহাল ইজারা প্রদানের বিরুদ্ধে যদি উপর্যুক্ত কর্তৃপক্ষ/আদালত স্থিতাবস্থা/স্থগিতাদেশ/নিষেধাজ্ঞার আদেশ জারী করেন, তবে সে সকল জলমহালের ক্ষেত্রে এই বিজ্ঞপ্তি কার্যকর হবে না।

প্রথম তারিখে প্রাপ্ত আবেদনসমূহের ভিত্তিতে যে সকল জলমহালের ইজারা/বন্দোবস্তের সিদ্ধান্ত গৃহীত হবে পরবর্তী তারিখে সে সকল জলমহালের আবেদনপত্র/ফরম বিক্রয় করা হবে না। তবে প্রথম তারিখে ইজারা/বন্দোবস্ত না হওয়া জলমহালসমূহ পরবর্তীতে বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের ধারাবাহিকতা অনুযায়ী অনুরূপভাবে আবেদনপত্র গ্রহণসহ ইজারা কার্যক্রম পরিচালিত হবে।

### আবেদনপত্র বিক্রি, দাখিল ও খোলার সময়সূচি

| পর্যায় | আবেদনপত্র/ফরম ক্রয়ের সর্বশেষ তারিখ ও সময় | আবেদনপত্র/ফরম দাখিলের তারিখ ও সময় | আবেদনপত্র বাক্স খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম | ২৮/০৫/২০২৫, বিকাল ৫:০০ টা | ২৯/০৫/২০২৫,সকাল, ০৯:০০-০১:০০ টা | ২৯/০৫/২০২৫, বিকাল ৩:০০ টা |
| ২য় | ০৩/০৬/২০২৫, বিকাল ৫:০০ টা | ০৪/০৬/২০২৫,সকাল, ০৯:০০-০১:০০ টা | ০৪/০৬/২০২৫, বিকাল ৩:০০ টা |
| ৩য় | ১৮/০৬/২০২৫, বিকাল ৫:০০ টা | ১৯/০৬/২০২৫,সকাল,০৯:০০-০১:০০ টা | ১৯/০৬/২০২৫, বিকাল ৩:০০ টা |

### ইজারাযোগ্য জলমহালের বিবরণ

| ক্র নং | উপজেলার নাম | জলমহালের নাম | জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত বার্ষিক সরকারি ইজারা মূল্য (ভ্যাট ও আয়কর ব্যতীত) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | বালিয়াকান্দি | পাইককান্দি চর আড়কান্দি (বদ্ধ) জলমহাল | ৮,৫৫,৭৫০/- | |
| ২ | পাংশা ও কালুখালী | সিরাজপুর হাওড় (বদ্ধ) জলমহাল | ১,১০,৩৫৫/- | |

### ১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ মেয়াদে বদ্ধ সরকারি জলমহাল ইজারা বিজ্ঞপ্তির শর্তাবলী

০১। আবেদন ফরম জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ীর রাজস্ব শাখা, অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে পাওয়া যাবে এবং নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র/ফরম বিক্রয় করা হবে না।

০২। জেলা প্রশাসক, রাজবাড়ী এর অনুকূলে ৫০০ (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদন ফি হিসেবে প্রদান করে আবেদন ফরম ক্রয়/সংগ্রহ করতে হবে।

০৩। ইজারা বিজ্ঞপ্তিতে ১ বছরের ইজারা মূল্য উল্লেখ করা হয়েছে, ৩ বছরের জন্য ইজারা মূল্য উল্লিখিত ১ বছরের ইজারা মূল্যের ৩ (তিন) গুণ হবে।

০৪। নির্ধারিত তারিখ ও সময়ে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজবাড়ী এর অফিস কক্ষে রক্ষিত টেন্ডার বাক্সে আবেদনপত্র গ্রহণ করা হবে।

০৫। আবেদনপত্র দাখিলের পূর্বে জলমহালটি সরেজমিনে দেখে আবেদন দাখিল করতে হবে। পরে কোন আপত্তি উত্থাপন করলে তা গ্রহণযোগ্য হবে না।

০৬। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতিগুলোকে যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে।

০৭। আবেদনপত্রের সাথে প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করতে হবে। উহার অনুলিপি সংশ্লিষ্ট উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল করতে হবে।

০৮। আবেদনপত্রের নির্দিষ্ট কলামসমূহ যথাযথভাবে পূরণপূর্বক আবেদনকারীকে স্বাক্ষর প্রদান করতে হবে। প্রতিটি কলাম যথাযথভাবে স্পষ্টাক্ষরে লিখতে হবে।

০৯। আবেদনপত্র/ফরমে কোন প্রকার কাটাকাটি বা ঘষামাজা করা যাবে না। আবেদনপত্র/ফরমের টাকার অংকের ঘরে কোন প্রকার কাটাকাটি বা ঘষামাজা করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১০। ইজারা বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্যের ২০% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসেবে আবেদনকারী তার আবেদনের সাথে দাখিল করবেন। লিজ প্রাপ্ত সমিতির শেষ বছরের লিজমানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। লিজ প্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

১১। সরকারি নীতিমালা অনুযায়ী প্রত্যেক বছরের ইজারা মূল্যের সাথে ১৫% ভ্যাট ও ১০% উৎসে কর পরিশোধ করতে হবে। এক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশ ও অন্যান্য করাদি যদি প্রযোজ্য হয় তাও পরিশোধ করতে হবে।

১২। আবেদনপত্রের সাথে মৎস্যজীবী সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্র ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে।

১৩। আবেদনকারী সমবায় সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ জেলা/উপজেলা সমবায় কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে এবং বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধনকৃত মৎস্যজীবীদের সমবায় সমিতির ক্ষেত্রে এ ধরনের প্রমাণের প্রয়োজন হবে না।

১৪। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতিকে ০৩ (তিন) বৎসর মেয়াদী লিজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/ সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১৫। জলমহাল ইজারা বিজ্ঞপ্তিতে উল্লিখিত জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি যারা সমবায়/সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত, সে সকল সমিতি জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবেন। তবে কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন/ সমিতি জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবেন না।

১৬। কোন আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে।

**১৭। আবেদনের সাথে মৎস্যজীবী সংগঠন/সমিতির সকল সদস্য প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র এবং সমিতির বিরুদ্ধে কোন সার্টিফিকেট মামলা না থাকা সংক্রান্ত জেলা প্রশাসন কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।**

১৮। মৎস্যজীবী সংগঠন/সমিতিকে যাচাই বাছাইয়ের ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতি এর কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতি উক্ত জলমহাল ইজারা/বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে।

১৯। জলমহাল ইজারা/বন্দোবস্ত গ্রহীতা সমিতি সংশ্লিষ্ট জলমহালের বছর ভিত্তিক উন্নয়ন কার্যক্রম সম্বলিত তথ্য প্রতি বৎসর জেলা প্রশাসক, রাজবাড়ী এর অবগতির জন্য পেশ করবেন।

২০। জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রাপ্ত কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ প্রদান করতে পারবেন না বা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবেন না।

২১। কোন মৎস্যজীবি সমবায় সমিতি/সংগঠন দুইটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবেন না।

**২২। জলমহাল ইজারার মেয়াদ ০১ বৈশাখ থেকে শুরু হবে এবং বছরের যে কোন সময়ে জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ ০১ বৈশাখ থেকেই কার্যকর হবে এবং একই বৎসরের ৩০ চৈত্র তারিখে তা শেষ হবে। যদি এই সময়ের মধ্যে কোন খাস কালেকশন করা হয় তাহলে তা সরকারি খাতে জমা হবে, ইজারাপ্রাপ্ত সমিতি/সংগঠন পাবেন না।**

২৩। বন্দোবস্তকৃত/ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না। বদ্ধ বা উন্মুক্ত কোন জলাশয়েই রাক্ষুসে মাছ চাষ করা যাবে না।

২৪। কোন জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রদানের বিরুদ্ধে যদি উপযুক্ত আদালত স্থিতিবস্থা/স্থগিতাদেশ/নিষেধাজ্ঞার আদেশ জারী করেন তবে সে সকল জলমহালের ক্ষেত্রে এই বিজ্ঞপ্তি কার্যকর হবে না।

২৫। প্রথম তারিখে সিদ্ধান্ত বিহীন জলমহালসমূহের ইজারা কার্যক্রম ইজারা বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের ধারাবাহিকতা অনুযায়ী পরবর্তী তারিখে পরিচালিত হবে।

২৬। জলমহালের কোন ক্ষতিসাধন করা যাবে না এবং ভূ-গর্ভস্থ কোন সম্পদের উপর লিজ গ্রহীতার অধিকার বর্তাবে না।

২৭। জমাকৃত আবেদনপত্রসমূহ যাচাই বাছাইয়ের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল আবেদনপত্র গ্রহণ ও বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৮। জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রাপ্ত মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের নিজ খরচে ইজারা চুক্তি সম্পাদন করবেন।

২৯। উল্লিখিত যে কোন শর্ত খেলাপ বা পালনে ব্যর্থ হলে ইজারা/বন্দোবস্তের মেয়াদ শেষ হওয়ার পূর্বেই ইজারা বাতিল ও সমুদয় টাকা বাজেয়াপ্ত করা হবে।

৩০। জলমহাল সংক্রান্ত ব্যবস্থাপনা সর্বক্ষেত্রে "সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯" অনুযায়ী পরিচালিত হবে। এছাড়াও বিভিন্ন সময়ে জারীকৃত সরকারি বিধি-বিধানসমূহ ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে।

২২.০৫.২৫
সুলতানা আক্তার
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
রাজবাড়ী
ফোন : ০২৪৭৮৮০৭৫৩৩
ই-মেইল : dcrajbari@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৩০.৮২০০.০২০.৩৮.০০১.২৪.৫১৩

তারিখ : ০৮ জ্যৈষ্ঠ ১৪৩২ / ২২ মে ২০২৫

বিতরণ : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল-বা/এ, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
০৪। পুলিশ সুপার, রাজবাড়ী
০৫। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজবাড়ী
০৬। জেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী
০৭। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজবাড়ী
০৮। জেলা সমবায় কর্মকর্তা, রাজবাড়ী
০৯। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, রাজবাড়ী
১০। উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, রাজবাড়ী
১১। উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর/পাংশা/বালিয়াকান্দি/কালুখালী/গোয়ালন্দ, রাজবাড়ী
১২। সহকারী কমিশনার (ভূমি), রাজবাড়ী সদর/পাংশা/বালিয়াকান্দি/গোয়ালন্দ,কালুখালী, রাজবাড়ী
১৩। বিভাগীয় বন সংরক্ষক/সহকারী বন সংরক্ষক, রাজবাড়ী
১৪। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজবাড়ী
১৫। সহকারী কমিশনার (আইসিটি শাখা), রাজবাড়ী। (তাকে বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রচারের জন্য অনুরোধ করা হলো)
১৬। উপজেলা সমবায় কর্মকর্তা, রাজবাড়ী সদর/পাংশা/বালিয়াকান্দি/কালুখালী/গোয়ালন্দ, রাজবাড়ী
১৭। উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর/পাংশা/বালিয়াকান্দি/কালুখালী/গোয়ালন্দ, রাজবাড়ী
১৮। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজবাড়ী সদর/পাংশা/বালিয়াকান্দি/কালুখালী/গোয়ালন্দ, রাজবাড়ী
১৯। অফিসার ইনচার্জ, রাজবাড়ী সদর/পাংশা/বালিয়াকান্দি/কালুখালী/গোয়ালন্দ, রাজবাড়ী
২০। চেয়ারম্যান ............................ ইউনিয়ন পরিষদ, রাজবাড়ী সদর/পাংশা/বালিয়াকান্দি/কালুখালী/গোয়ালন্দ, রাজবাড়ী
২১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ........................... ইউনিয়ন ভূমি অফিস, রাজবাড়ী সদর/পাংশা/বালিয়াকান্দি/ কালুখালী/ গোয়ালন্দ, রাজবাড়ী। (ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)